কালের কণ্ঠ

তারিখ ... 06 MAY 2016 ...
পৃষ্ঠা ...৩.৮... কলাম ...৪...

# এসিডে ঝলসে গেল মাদ্রাসা ছাত্রীর মুখ

## সহপাঠী আটক

রংপুর অফিস ▷

রংপুরের মিঠাপুকুরের গোপীনাথপুর গ্রামে এক মাদ্রাসা ছাত্রীর মুখে এসিড নিক্ষেপ করেছে দুর্বৃত্তরা। তার নাম রুবাইয়া আখতার রিতু। সে ভেণ্ডাবাড়ী দাখিল মাদ্রাসার দশম শ্রেণির ছাত্রী। গত বুধবার রাতে এ ঘটনা ঘটে। পরে তাকে গুরুতর অবস্থায় রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় রিতুর সহপাঠী আশরাফুল ইসলাম নামের এক যুবককে আটক করেছে পুলিশ। গতকাল সন্ধ্যায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

এলাকাবাসী ও পুলিশ সূত্রে জানা যায়, মিঠাপুকুরের গোপীনাথপুর গ্রামে বুধবার রাতে বাড়িতে লেখাপড়া করছিল রুবাইয়া আখতার রিতু। এ সময় ঘরের জানালা দিয়ে তাকে লক্ষ্য করে এসিড নিক্ষেপ করে দুর্বৃত্তরা। এতে রিতুর মুখমণ্ডল ঝলসে যায়। পরে তাকে গুরুতর আহত অবস্থায় প্রথমে মিঠাপুকুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হলে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি বিভাগে ভর্তি করা হয়।

হাসপাতালে আহত রিতু সাংবাদিকদের জানায়, জানালার পাশে বসে পড়ার সময় হঠাৎ করে কে বা কারা এসিড নিক্ষেপ করে পালিয়ে যায়। তবে রাতের বেলায় সে তাদের চিনতে পারেনি।